



সম্প্রতি সারাদেশে সাম্প্রদায়িক সন্ত্রাসের বিরুদ্ধে মানববন্ধন ও সম্প্রীতি সমাবেশ



২৫ অক্টোবর ২০২১-সোমবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার ব্যানারে সম্প্রতি রংপুরের পীরগঞ্জসহ সারা দেশের বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক সন্ত্রাসের বিরুদ্ধে মানববন্ধন ও সম্প্রীতি সমাবেশের আয়োজন করা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক আশরাফুল ইসলাম টিটনের সভাপতিত্বে যুগ্ম আহ্বায়ক জামাল উদ্দীনের সঞ্চালনায় সমাবেশে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, পরিচালক (ছাত্র-কল্যাণ) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, প্রক্টর ড. মোস্তফা কামাল, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সৈয়দ শাকিল, আকতার হোসেন সহ অন্যান্য কর্মীবৃন্দ বক্তব্য প্রদান করেন।